**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
ওয়েব: orgbdr.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২২) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ রাশেদুল হাসান<br>রেজিস্ট্রার জেনারেল<br>ও<br>আহবায়ক, নৈতিকতা কমিটি, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| স্থান | : | সভাকক্ষ, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| সভার তারিখ | : | ২২ ডিসেম্বর ২০২২ |
| সভার সময় | : | বিকেল ০৩.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | নথিতে সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী বক্তব্য উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন) জনাব মোঃ ওসমান ভুইয়া -কে অনুরোধ করেন। তিনি সভাপতির অনুমতিক্রমে কার্যপত্রের আলোচ্যসূচি উপস্থাপনকালে বলেন যে, বিগত ১০/১১/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর বিষয়ে সভার সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে, তদুপরি আজকেও তার কপি ফোল্ডারে সরবরাহ করা হয়েছে। এর উপর কোন মতামত বা সংশোধনী না থাকলে তিনি উহা দৃঢ়ীকরণের প্রস্তাব রাখেন। সভায় কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

**২। আলোচ্যসূচি: ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

কমিটির ফোকাল পয়েন্ট ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন) জনাব মোঃ ওসমান ভুইয়া ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা উপস্থাপন করেন। তিনি তাঁর উপস্থাপনায় সভাকে জানান যে, সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অনলাইন জন্ম নিবন্ধন BDRIS সফটওয়্যারকে জনবান্ধব করার লক্ষ্যে সফটওয়্যার ডেভেলপমেন্ট এর কাজ চলমান আছে। সফটওয়্যারের প্রয়োজনীয় সার্ভার ও হার্ডওয়ার প্রকিউরমেন্ট এর কার্যক্রম জাতীয় শুদ্ধাচার ও আর্থিক বিধি বিধান মেনে স্বচ্ছতার সাথে প্রতিপালন করা হচ্ছে। তিনি আরও জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ কর্ম পরিকল্পনা অনুযায়ী এ কার্যালয়ের সকল কর্মকর্তা যথা সময়ে কার্যাবলী সম্পাদন করেছেন। প্রতিবেদন প্রেরণের বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মো. আখতার জামিল সভাকে অবহিত করেন যে, গত ০৩/১০/২০২২ তারিখে শুদ্ধাচার বিষয়ক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। গত ০৫/১২/২০২২ তারিখে অক্টোবর-নভেম্বর/২০২২ এর রিপোর্ট এ কার্যালয়ের প্রোগ্রামারের নিকট প্রেরণ করা হয়েছে। চলতি কোয়ার্টার শেষ হলে এ সংশ্লিষ্ট প্রতিবেদন যথা সময়ে ওয়েবসাইটে প্রকাশ ও স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হবে।

এ পর্যায়ে সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের কর্মকর্তাগণের দ্বারা সম্পাদিত কার্যাবলী শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী যথাযথভাবে পালন করার উপর গুরুত্বারোপ করেন।

**সিদ্ধান্ত:** কর্মকর্তাগণের দ্বারা সম্পাদিত বিষয়গুলো শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী যথাযথভাবে পালন করতে হবে।

**৩। আলোচ্যসূচি: এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন পর্যালোচনা**

উপস্থাপনার এ পর্যায়ে কমিটির ফোকাল পয়েন্ট বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দায়িত্ব অর্পণের মাধ্যমে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ বছরেও (২০২২-২৩) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দিষ্ট কর্ম সম্পাদন করতে হয়। এ কার্যালয়ের কর্ম-পরিকল্পনা ছক পূর্বে প্রস্তুত করা আছে সে অনুসারেই কর্মসম্পাদন করতে হয়।

সভাপতি এ পর্যায়ে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে কর্ম-পরিকল্পনা 'ছক' এর কথা উল্লেখ করে তদনুযায়ী প্রত্যেক ত্রৈমাসিকে সকল প্রতিবেদন প্রস্তুত এবং যথাযথভাবে প্রেরণ করার নির্দেশ দেন। তিনি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অর্পিত দায়িত্ব যথাযথ পালনের উপরও জোর তাগিদ প্রদান করেন

**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অর্পিত দায়িত্ব যথাযথ পালন এবং যথাসময়ে প্রতিবেদন প্রস্তুতকরে এ সংশ্লিষ্ট প্রতিবেদন যথা সময়ে ওয়েবসাইটে প্রকাশ ও স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

**৪। আলোচ্যসূচি: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রত্যেক কোয়ার্টারের শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিতকরণ**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রত্যেক কোয়ার্টারের শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা নিশ্চিতকরণের বিষয় উল্লেখ করে জনাব ওসমান ভুইয়া বলেন, স্থানীয় সরকার বিভাগের অধীন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার এ কার্যালয়ের প্রত্যেক কর্মকর্তার সঠিকভাবে পালন করা উচিত এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিতকরণ করা যেতে পারে।

এ পর্যায়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন বলেন যে, এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর মধ্যে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নিয়মিতভাবে নিজের উপর অর্পিত কাজ দক্ষতার সাথে সম্পাদন করতে হবে। এজন্য প্রত্যেক কোয়ার্টারের কাজ শেষ করে তা রিপোর্ট করতে হবে। এর মাধ্যমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার শুদ্ধাচার বাস্তবায়নের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত হবে।

**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রত্যেক কোয়ার্টারের শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১২/২০২২

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ +৮৮০২২২৩৩৮৬৬০৬
ইমেইল: rg@orgbdr.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০৪.০০০০.১০১.০৫.০০৩.(অংশ-১).২২-১২৭৯ (১/৬)

তারিখ: ০৭ পৌষ ১৪২৯ / ২২ ডিসেম্বর ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. জনাব মির্জা তারিক হিকমত, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন।
২. জনাব মোঃ ওসমান ভুইয়া, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩. জনাব ফাহমিদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন [তাঁকে কার্যবিবরনীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. জনাব, মোঃ ফরহাদ হোসেন, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৫. জনাব, মোঃ মেহেদী হাসান, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৬. জনাব সামিউল ইসলাম রাহাদ, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

**অনুলিপি:**

১. রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন (রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)

২২/১২/২০২২

**মোঃ আখতার জামিল**
সহকারী রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ২২২৩৩৫৫৮৯২
ই-মেইলঃ arg2@orgbdr.gov.bd